# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৯৩৫

৩৬/ আদব (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৯৩. স্বপ্ন সম্পর্কে।

باب فِي الرُّؤْيَا

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ، عَنْ أَيُّوبَ، عَنْ مُحَمَّدٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " إِذَا اقْتَرَبَ الزَّمَانُ لَمْ تَكَدْ رُؤْيَا الْمُؤْمِنِ أَنْ تَكْذِبَ وَأَصْدَقُهُمْ رُؤْيَا أَصْدَقُهُمْ حَدِيثًا وَالرُّؤْيَا ثَلاَثٌ فَالرُّؤْيَا الصَّالِحَةُ بُشْرَى مِنَ اللَّهِ وَالرُّؤْيَا تَحْزِينٌ مِنَ الشَّيْطَانِ وَرُؤْيَا مِمَّا يُحَدِّثُ بِهِ الْمَرْءُ نَفْسَهُ فَإِذَا رَأَى أَحَدُكُمْ مَا يَكْرَهُ فَلْيَقُمْ فَلْيُصَلِّ وَلاَ يُحَدِّثْ بِهَا النَّاسَ " . قَالَ " وَأُحِبُّ الْقَيْدَ وَأَكْرَهُ الْغُلَّ وَالْقَيْدُ ثَبَاتٌ فِي الدِّينِ " . قَالَ أَبُو دَاوُدَ " إِذَا اقْتَرَبَ الزَّمَانُ " . يَعْنِي إِذَا اقْتَرَبَ اللَّيْلُ وَالنَّهَارُ يَعْنِي يَسْتَوِيَانِ .

বাংলা

৪৯৩৫. কুতায়বা ইবন সাঈদ (রহঃ) ..... আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন কিয়ামত নিকটবর্তী হবে, তখন মু’মিনের স্বপ্ন মিথ্যা হবে না। আর যার কথা যত সত্য হবে, তার স্বপ্নও তত সত্য হবে। আর স্বপ্ন হলো তিন প্রকারঃ (১) সত্য-স্বপ্ন, যা আল্লাহ্‌র পক্ষ হতে সত্য স্বরূপ; (২) কষ্টদায়ক স্বপ্ন- শয়তানের পক্ষ হতে এবং (৩) ঐ স্বপ্ন যা মানুষ অন্তরের চিন্তা-ভাবনার কারণে দেখে থাকে। আর তোমাদের কেউ যখন খারাপ স্বপ্ন দেখে, তখন তার উচিত- উঠে সালাত আদায় করা এবং সে স্বপ্ন কারো কাছে বর্ণনা না করা।

এরপর নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আমি স্বপ্নের মধ্যে পায়ে বেড়ী দেখাকে ভাল মনে করি এবং গলায় বেড়ী দেখাকে খারাপ মনে করি। আর বেড়ী দেখার তাবীর হলোঃ দীনের উপর দৃঢ় থাকা। ইমাম আবূ দাউদ (রহঃ) বলেনঃ ’সময় নিকটবর্তী’- এর অর্থ হলোঃ যখন দিন-রাত সমান থাকে; অর্থাৎ বসন্তকাল।

## English

Abu Hurairah reported the Prophet (May peace be upon him) as saying: When the time draws near, a believer’s vision can hardly be false. The truer

one of them is in his speech, the truer he is in his vision. Visions are of three types: Good visions are glad tidings from Allah, a terrifying vision caused by the devil, and the ideas which come from within a man. So when one sees anything he dislikes, he should get up and pray, and should not tell it to the people. He said : I like a fetter and dislike a shackle on the neck; a fetter indicates being firmly established in religion.

Abu Dawud said : “when the time draws near” means that when the day and night are equal.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37041

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন